দৈনিক সংবাদ

তারিখ 02 DEC 1991
পৃষ্ঠা 6 কলাম 6

486

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পরিস্থিতি থমথমে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১লা ডিসেম্বর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এখন মারাত্মক অচলাবস্থা ও থমথমে পরিস্থিতি বিরাজ করছে। সর্বদলীয় ছাত্র ঐক্য আহূত ছাত্র ধর্মঘটের আজ নবম দিন এবং শিক্ষকদের কর্মবিরতির ৫ম দিন পার হয়েছে। এদিকে ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মী ও সিরাজুস সালেহীন বাহিনী তাদের সন্ত্রাসী তৎপরতা আরো জোরদার করেছে। শিবিরের বাধার কারণে উপাচার্য আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন গতকাল শনিবার ঢাকায় অনুষ্ঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের উপাচার্যদের স্থায়ী কমিটির গুরুত্বপূর্ণ সভায় যোগ দিতে পারেননি। অন্য সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এতে উপস্থিত ছিলেন।

উপাচার্য গত ২৫ দিন যাবৎ চট্টগ্রাম, ঢাকাসহ বহিঃবিশ্বের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় অন্তরীণ রয়েছেন। শিবিরকর্মীরা উপাচার্যের বাসভবনের সামনে আবার অবরোধ বসিয়েছে।